

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ এর নবীন সহচর বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান**



২৬ ফেব্রুয়ারি, ২০১৯-মঙ্গলবার দুপুর ১.৩০মিনিটে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ এর আয়োজনে 'বিশ্বাসী বন্ধু বিনয়ী সদয় প্রফুল্ল মিতব্যয়ী নির্মল রয়' স্লোগানকে সামনে রেখে নবীন সহচর বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট এর গ্রুপ সম্পাদক উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার এর সভাপতিত্বে সহকারী প্রক্টর ড. মোস্তফা কামাল, জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার-ইন-কাউন্সিল এর সভাপতি শেখ সাদ আল জাবের সহ অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শেষে রোভার সদস্যবৃন্দের মনোমুগ্ধকর পরিবেশনায় সাংস্কৃতিক পর্ব অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য বেলা ১২.৩০ মিনিটে প্রশাসনিক বিল্ডিং এর সম্মুখে করুমিটিং এর মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট এর গ্রুপ সম্পাদক উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার।